

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৪

আগরতলা, ১৪ জুন, ২০২৪

**রাধানগর মোটরস্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটির উদ্যোগে রক্তদান শিবির
রক্তদানের মধ্য দিয়ে আমরা সামাজিক দায়বদ্ধতা পালন করতে পারি : পরিবহণমন্ত্রী**

রাধানগর মোটরস্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটির উদ্যোগে আজ সকালে এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করেন পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী। শিবিরের উদ্বোধন করে পরিবহণমন্ত্রী বলেন, রক্তদানের কোনও বিকল্প নেই। রক্তদানের মধ্য দিয়ে মুমূর্ষু রোগীদের জীবন রক্ষা করে আমরা সামাজিক দায়বদ্ধতা পালন করতে পারি। এই কর্মসূচিতে যানবাহন মালিক ও শ্রমিকদের থেকে সংগৃহীত রক্ত কার প্রয়োজনে পড়বে তা কিন্তু আমরা কেউই জানি না। না জেনেই সমাজের কল্যাণে যারা এগিয়ে এসেছেন, তারাই প্রকৃতপক্ষে সামাজিক দায়িত্ব পালন করছেন। আজ এই মেগা রক্তদান শিবিরে ১০০ জনেরও বেশি রক্তদান করেন। মেগা রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানের পর পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী রাধানগর মোটরস্ট্যান্ডের সামনেই বিনামূল্যে হেলমেট বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। পরিবহণ দপ্তরের উদ্যোগে সড়ক সুরক্ষা সচেতনতা কর্মসূচিতে পথচারী, সাংবাদিক ও সাধারণ নাগরিকদের মধ্যে ২০০টি হেলমেট বিতরণ করা হয়।

রক্তদান শিবিরের উদ্বোধন করে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিভিন্ন অনুষ্ঠানে সুস্থ ও সবল সকলকে রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছেন। কারণ বর্তমানে রাজ্যে চাহিদার তুলনায় রক্তের যোগান কম। তাই সামাজিক কর্তব্যের কথা মাথায় রেখেই সর্বস্তরের মানুষকে রক্তদানে এগিয়ে আসা প্রয়োজন। তিনি বলেন, ২০১৪ সালের পর থেকে রাজ্যের সড়ক, রেল, বিমান যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়ন ঘটেছে। জল পরিবহণ ব্যবস্থা চালু করার উদ্দেশ্যে ইতিমধ্যে অনেক পদক্ষেপ গৃহীত হয়েছে। বর্তমানে রাজ্যের যোগাযোগ ব্যবস্থা অনেকটাই উন্নত হয়েছে। পরিবহণ ব্যবস্থাকে শক্তিশালী ও সুদৃঢ় করতে এই ব্যবস্থার সাথে যুক্ত মালিক পক্ষ ও শ্রমিকদের ভূমিকা অনস্বীকার্য। আজ এখানে রক্তদান কর্মসূচি আয়োজনের মাধ্যমে তারা আরও একধাপ এগিয়ে গেছেন। অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার নেশা বিরোধী। নেশা সামগ্রী গ্রহণ ও বিক্রয় বন্ধ করতে সরকার ও প্রশাসনের পাশাপাশি সচেতন জনসাধারণকেও এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠান দুটিতেই উপস্থিত ছিলেন ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের চেয়ারম্যান বলাই গোস্বামী, আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল হীরালাল দেবনাথ, কর্পোরেটর সান্ত্বনা সাহা, ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের এমডি উত্তম মন্ডল, ট্রাফিক দপ্তরের এসপি মানিক দাস, সদর মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস সহ অন্যান্য অতিথিগণ।
